গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়
বগুড়া
জুডিশিয়াল মুন্সিখানা শাখা
www.bogra.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

তারিখ: ৬ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২০ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ০৫.৫০.১০০০.০০০.০১১.২৭.০০০১.২৪.১০৯

## গণবিজ্ঞপ্তি

এতদ্দারা বগুড়া জেলার সকল আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণকে জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, রাজনৈতিক-৪ শাখা'র ১৮/০১/২০২৬ তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫. ২০২১-৩৩ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনে আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গনভোট অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পরিচালনার লক্ষ্যে সরকার The Arms Act, 1878 (XI of 1878) এর Section 26-এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নোক্ত আদেশ জারী করিয়াছেন:

০২। আগামী ৩১ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে স্থগিতকৃত/লাইসেন্সভুক্ত আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ সমূহ লাইসেন্সধারীর (স্থায়ী/বর্তমান) ঠিকানার নিকটস্থ থানায়/ বৈধ ডিলারের নিকট লাইসেন্স গ্রহীতা নিজে/মনোনীত প্রতিনিধির মাধ্যমে জমা প্রদান করবেন। তবে এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না, যথাঃ

(ক) আইন শৃঙ্খলা রক্ষার সাথে সম্পৃক্ত সকল শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য;
(খ) বিভিন্ন সরকারি, আধাসরকারি এবং বেসরকারি দপ্তর, আর্থিক ও অন্যান্য প্রতিষ্ঠান ও স্থাপনাসমূহে নিয়োজিত নিরাপত্তা প্রহরী;

০৩। "রাজনৈতিক গুরুত্বপূর্ণ ব্যক্তি ও জাতীয় সংসদ সদস্য পদপ্রার্থীদের অনুকূলে 'আগ্নেয়াস্ত্র লাইসেন্স ও রিটেইনার নিয়োগ নীতিমালা, ২০২৫" অনুযায়ী নির্বাচন কমিশনে বৈধভাবে মনোনয়নপত্র দাখিল ও গৃহীত জাতীয় সংসদ সদস্য পদপ্রার্থী এবং তার সশস্ত্র রিটেইনারের ক্ষেত্রে বৈধ অস্ত্র প্রদর্শন নিষিদ্ধকরণ সংক্রান্ত নির্দেশনা প্রযোজ্য হবে না।

০৪। আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ পর্যন্ত লাইসেন্সধারী ব্যক্তির আগ্নেয়াস্ত্র বহন ও প্রদর্শন সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকবে।

০৫। এ আদেশ লঙ্ঘনকারীদের বিরুদ্ধে The Arms Act, 1878 এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ব্যাখ্যা: এই আদেশে "শৃঙ্খলা বাহিনী" বলতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৫২-এ বর্ণিত শৃঙ্খলা বাহিনীকে বুঝাবে।

২০-০১-২০২৬
মোঃ তৌফিকুর রহমান
জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া
০২৫৮৯৯০০০২০
dcbogura@mopa.gov.bd

তারিখ: ৬ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২০ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর: ০৫.৫০.১০০০.০০০.০১১.২৭.০০০১.২৪.১০৯/১ (১৩)

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট (সকল)।
৫। পুলিশ সুপার, বগুড়া।
৬। উপপরিচালক, স্থানীয় সরকার, বগুড়া।
৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া।
৮। ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, বগুড়া (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)।
৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল)......................,বগুড়া (তাঁকে উপরিউক্ত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১০। সিনিয়র তথ্য অফিসার, বগুড়া (তাঁকে উপরিউক্ত গণবিজ্ঞপ্তি মাইকযোগে ব্যাপক প্রচার এবং স্থানীয় দৈনিক সংবাদ পত্রে প্রেস রিলিজ হিসেবে সম্পূর্ণ স্বেচ্ছামূলক ভিত্তিতে প্রকাশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১১। আহ্বায়ক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, জেলা ইউনিট কমান্ড, বগুড়া।
১২। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া (গণবিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১৩। অফিসার ইনচার্জ (সকল), ................................ থানা, বগুড়া।

২০-০১-২০২৬
মোঃ তৌফিকুর রহমান
জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া